দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 24 1999

পৃষ্ঠা ৭ কলাম ৫

## মহানগর চট্টগ্রাম

# অবিলম্বে গণমুখী শিক্ষানীতি প্রবর্তনের আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ সম্প্রতি বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কোতোয়ালী থানা সংসদের এক সভায় অবিলম্বে নবম ও দশম শ্রেণীর ইংরেজী বইসহ অপ্রকাশিত অন্যান্য শ্রেণীর বই প্রকাশ করার জন্য সরকারের প্রতি দাবী জানান হইয়াছে। সভায় গভীর ক্ষোভ ও দুঃখ প্রকাশ করিয়া বলা হয়, প্রতি বছরই দেখা যায় শিক্ষাবর্ষ শুরু হওয়ার অনেক পরে বোর্ড কর্তৃক প্রকাশিত বইসমূহ বাজারে আসে। ফলে একদিকে যেমন ছাত্র-ছাত্রীরা ঠিক সময়ে পড়ালেখা শুরু করিতে পারে না, তেমনি অন্যদিকে প্রথম সাময়িক পরীক্ষা কাছাইয়া আসার কারণে ছাত্রদেরকে তাড়াহুড়া করিয়া সিলেবাস শেষ করিতে হয়। নেতৃবৃন্দ অবিলম্বে এই সমস্যার সমাধান করিয়া একটি গণমুখী সার্বজনীন ও বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি প্রবর্তনের দাবী জানান। রহমত উল্লাহ সুজনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তব্য রাখেন এস,এম টিংকু, ফরহাদ, রিপায়ন বড়ুয়া, এস, বড়ুয়া রাজা সেনগুপ্ত, মিন্টু চৌধুরী প্রমুখ।